



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2020, held in 2021

BNGACOR12T-BENGALI (CC12)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। প্রতিটি একক থেকে একটি করে মোট চারটি প্রশ্নের (প্রতিটি অনধিক ৩০০ শব্দে) উত্তর দাওঃ ১০ × ৪ = ৪০
- একক -১
- (ক) উপন্যাসের লক্ষণাক্রান্ত হয়েও মানস বৈশিষ্ট্যে 'নষ্টনীড়' ছোটগল্প-ই হয়ে উঠেছে। — আলোচনা করো। ১০
- অথবা
- (খ) জৈবতা নয়, শুদ্ধ প্রেমে উত্তরণের গল্প 'শেষকথা।' — মন্তব্যটি কতদূর গ্রহণযোগ্য তা বুঝিয়ে দাও। ১০
- একক-২
- (গ) আগ্রাসী ধর্মযাজকতন্ত্র এবং আরণ্যক মানুষের আত্মরক্ষার সংগ্রাম সুবোধ ঘোষের 'চতুর্থ পাণিপথের যুদ্ধ' গল্পের মূল উপজীব্য। — আলোচনা করো। ১০
- অথবা
- (ঘ) অর্ধ, গোত্র, মানুষের অধঃপতনকে 'গোত্রান্তর' গল্পে লেখক কীভাবে রূপায়িত করেছেন, কাহিনি অনুসরণে তা' আলোচনা করো। ১০
- একক -৩
- (ঙ) বাংলা সাহিত্যের কৌতুক রসাত্মক রচনার এক বিরল উপস্থাপনা প্রভাতকুমার মুখোপাধ্যায়ের 'রসময়ীর রসিকতা।' — মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিশ্লেষণ করো। ১০
- অথবা
- (চ) ইতিহাসের পটভূমিতে আধুনিক জীবনের প্রেম-সম্পর্কের অর্পূর্ব চিত্রায়ণ 'রক্তসন্ধ্যা।' — আলোচনা করো। ১০
- একক - ৪
- (ছ) মহাভারতের দ্রৌপদী ও জয়া মিত্রের ঝুমলা কোন তাৎপর্যে সমীকৃত হয়ে যায় — 'দ্রৌপদী' গল্পটি বিশ্লেষণ প্রসঙ্গে তা' দেখাও। ১০
- অথবা
- (জ) 'গোয়' গল্পের নামকরণ কতখানি স্বাতন্ত্র্যচিহ্নিত তা' নির্দেশ করো। ১০

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দ) ৫×২= ১০
- (ক) 'ঠাকুর, বউ গেলে বউ পাইব কিন্তু আমার ভাই ফাঁসি গেলে আর তো ভাই পাইব না।' ৫
— প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এই মন্তব্যের তাৎপর্য লেখো।
- (খ) 'জগদলের সমাধি খনন চলেছে, যেন কোদাল আর শাবলের শব্দ।' ২+৩
— প্রসঙ্গ উল্লেখ করে 'জগদল' শব্দটির নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) '... মোহরগুলি পাইয়া আমার যেন স্বর্গলাভ হইল।' ১+৪
— কোন 'মোহরগুলির' কথা বলা হয়েছে? মোহর নিয়ে কী কাণ্ড হয়েছিলো সংক্ষেপে লেখো।
- (ঘ) 'শব্দহীন সেই চরাচরে বসে অনুভব করলাম, আমাদের মায়ের সৎকার যেন এইমাত্র সমাধা হলো।' ৫
— কোন পরিপ্রেক্ষিতে এই উপলব্ধির সীমানায় পৌঁছনো — তা' বুঝিয়ে দাও।

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*